**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার অর্জন, অধিগ্রহণ ও কর্তৃত্ব গ্রহণ) বিধিমালা, ২০১৮ এর খসড়া**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ২৪ এর উপ-ধারা (১)-এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, পূর্ব প্রকাশের পর, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

## প্রথম অধ্যায়

## প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।- (১) এই বিধিমালা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার অর্জন, অধিগ্রহণ ও কর্তৃত্ব গ্রহণ) বিধিমালা, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালায় উল্লিখিত পরিপালনীয় বিধানসমূহ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ মোতাবেক প্রদত্ত নির্দেশ বা আদেশ পরিপালন হিসাবে গণ্য হইবেঃ

তবে শর্ত থাকে যে, কমিশন, এই বিধিমালার অধীন সময় সময় অন্য কোন আদেশ বা নির্দেশও জারি করিতে পারিবে।

২। **সংজ্ঞা**।- (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,-

(ক) "অধিগ্রহণকারি" অর্থ এমন কোন ব্যক্তি যে নিজে বা অন্য কাহারো সহিত সম্মিলিত হইয়া কোন কোম্পানীর ভোটাধিকারযুক্ত শেয়ার অথবা ভোটাধিকারযুক্ত শেয়ারে রূপান্তরযোগ্য সিকিউরিটিজ অধিগ্রহণ করে বা সেই জন্যে প্রস্তাব করে;

(খ) "আইন" বলিতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ বুঝাইবে ;

(গ) "উল্লেখযোগ্য সংখ্যক" অর্থ ১০ (দশ) শতাংশ কিংবা উহার অধিক অথবা কমিশন কর্তৃক এতদ্উদ্দেশ্যে সময়ে সময়ে নির্ধারিত কোন সংখ্যাকে বুঝাইবে;

(ঘ) "কোম্পানী" বলিতে স্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত কোন কোম্পানীকে বুঝাইবে যাহার ভোটাধিকারযুক্ত শেয়ার অথবা ভোটাধিকারযুক্ত শেয়ারে রূপান্তরযোগ্য সিকিউরিটিজ এই বিধিমালার অধীনে অর্জন, অধিগ্রহণ বা কর্তৃত্ব গ্রহণ করা হইবে;

(ঙ) ''শেয়ার" বলিতে উপরিউল্লিখিত বিধি ২(১)(ঘ) তে সংজ্ঞায়িত কোম্পানীর ভোটাধিকারযুক্ত শেয়ার অথবা ভোটাধিকারযুক্ত শেয়ারে রূপান্তরযোগ্য সিকিউরিটিজকে বুঝাইবে;

(২) এই বিধিতে ব্যবহৃত যেই সকল শব্দ বা বক্তব্যের সংজ্ঞা দেওয়া হয় নাই সেই সকল শব্দ বা বক্তব্য Securities and Exchange Ordinance, 1969, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩, কোম্পানী আইন, ১৯৯৪ এবং ডিপজিটরি আইন, ১৯৯৯ বা উহাদের অধীনে জারিকৃত কোন বিধিমালা বা প্রবিধানমালাতে যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **বিধিমালা প্রয়োগের পরিধি**।- (১) এই বিধিমালা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর ভোটাধিকারযুক্ত শেয়ার অথবা ভোটাধিকারযুক্ত শেয়ারে রূপান্তরযোগ্য সিকিউরিটিজের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(২) এই বিধিমালার কোন বিধি নিম্নে বর্ণিত পদ্ধতিতে ভোটাধিকারযুক্ত শেয়ার অথবা ভোটাধিকারযুক্ত শেয়ারে রূপান্তরযোগ্য সিকিউরিটিজ অর্জন, অধিগ্রহণ বা কর্তৃত্ব গ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না ঃ

(ক) সর্ব সাধারণ্যে শেয়ার বরাদ্দের প্রচার (প্রসপেক্টাস) অনুসরণে আবেদনপত্র মূলে;

(খ) অবলেখক হিসাবে;

(গ) কমিশন হইতে রেজিস্ট্রেশন সনদপ্রাপ্ত কোন মার্চেন্ট ব্যাংকার, স্টক ব্রোকার বা স্টক ডিলার কর্তৃক কোন মক্কেলের পক্ষে দৈনন্দিন ব্যবসা কার্যক্রম পরিচালনা কালে। তবে শর্ত থাকে যে সংশ্লিষ্ট মক্কেল এই অব্যাহতির অন্তভূক্ত হইবেন না;

(ঘ) কমিশন হইতে রেজিস্ট্রেশন সনদপ্রাপ্ত কোন মার্কেট মেকার;

(ঙ) কমিশন হইতে রেজিস্ট্রেশন সনদপ্রাপ্ত কোন অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ড;

(চ) কমিশন কর্তৃক অনুমোদিত কোন মিউচ্যুয়াল ফান্ড এর সম্পদ ব্যবস্থাপনার ক্ষেত্রে;

(ছ) রাইট বা বোনাস ইস্যু মূলে;

(জ) উত্তরাধিকার সূত্রে হস্তান্তরের মাধ্যমে;

(ঝ) আদালতের আদেশ বলে (by operation of law) হস্তান্তরের মাধ্যমে;

(ঞ) কমিশনের আদেশবলে অথবা অন্য আইনে কমিশন কর্তৃক অনুমোদিত হইলে হস্তান্তরের মাধ্যমে; অথবা

(ট) অনুমোদিত উপহারের মাধ্যমে শেয়ার হস্তান্তর হইলে।

## দ্বিতীয় অধ্যায়
## উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার অর্জন বা অধিগ্রহণ

৪। **স্টক এক্সচেঞ্জ হইতে নগদ অর্থের বিনিময়ে উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার ক্রয়।-(১)** কোন কোম্পানীতে উল্লেখযোগ্য সংখ্যক এর কম কোন শেয়ারের ধারক বা ধারকগণ, বা যিনি বা যাহারা কোন শেয়ার ধারণ করেন না এমন ব্যক্তি বা ব্যক্তিবর্গ, স্টক এক্সচেঞ্জ হইতে উক্ত কোম্পানীর দশ শতাংশ বা উহার অধিক শেয়ার অধিগ্রহন করিতে চাহিলে, অথবা দশ শতাংশ বা উহার অধিক কোন শেয়ার ধারক বা ধারকগন স্টক এক্সচেঞ্জের মাধ্যমে উক্ত কোম্পানীর আরও শেয়ার অধিগ্রহণের ক্ষেত্রে তাহাকে তফসীল-১ বর্ণিত পদ্ধতিতে একটি ঘোষনা কোম্পানিটি যে স্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত সেই স্টক এক্সচেঞ্জে সংশ্লিষ্ট অধিগ্রহণকারির স্টক ব্রোকার বা মার্চেন্ট ব্যাংকারের মাধ্যমে দাখিল করিতে হইবে।

(২) স্টক এক্সচেঞ্জ উক্ত ঘোষনা প্রাপ্তির পর পরীক্ষান্তে উহা on-line news হিসাবে প্রচার করিবে।

(৩) স্টক এক্সচেঞ্জে ঘোষনা on-line news হিসাবে প্রচারিত হওয়ার পূর্বে শেয়ার লেনদেন সম্পাদন করা যাইবে না।

(৪) অধিগ্রহণকারি প্রচলিত বাজারদরে স্টকব্রোকারকে শর্তহীন ক্রয়াদেশ প্রদান করিবে।

৫। **স্টক এক্সচেঞ্জ এর নেগোসিয়েটেড মার্কেটে নগদ অর্থের বিনিময়ে উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার অর্জন।**- (১) কোন কোম্পানীতে উল্লেখযোগ্য সংখ্যক এর কম কোন শেয়ারের ধারক বা ধারকগণ, বা যিনি বা যাহারা কোন শেয়ার ধারণ করেন না এমন ব্যক্তি বা ব্যক্তিবর্গ, স্টক এক্সচেঞ্জে মাধ্যমে উহার নেগোসিয়েটেড মার্কেটে উক্ত কোম্পানীর দশ শতাংশ বা উহার অধিক শেয়ার অর্জন করিতে চাহিলে, অথবা দশ শতাংশ বা উহার অধিক কোন শেয়ার ধারক বা ধারকগন স্টক এক্সচেঞ্জের নেগোসিয়েটেড মার্কেটে উক্ত কোম্পানীর আরও শেয়ার অধিগ্রহণের ক্ষেত্রে তাহাকে তফসীল-১ বর্ণিত পদ্ধতিতে একটি ঘোষনা কোম্পানিটি যে স্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত সেই স্টক এক্সচেঞ্জে সংশ্লিষ্ট অধিগ্রহণকারির স্টক ব্রোকার বা মার্চেন্ট ব্যাংকারের মাধ্যমে দাখিল করিতে হইবে।

(২) স্টক এক্সচেঞ্জ উক্ত ঘোষনা প্রাপ্তির পর পরীক্ষান্তে উহা on-line news হিসাবে প্রচার করিবে।

(৩) স্টক এক্সচেঞ্জে ঘোষনা on-line news হিসাবে প্রচারিত হওয়ার পূর্বে কাহারো সহিত শেয়ার লেনদেন সম্পাদন করা যাইবে না।

(৪) এই ধরনের লেনদেনে ক্রয়মূল্য ক্রেতা-বিক্রেতার সমঝোতার মাধ্যমে নির্ধারিত হইবে এবং স্টক এক্সচেঞ্জের নেগোসিয়েটেড মার্কেটে লেনদেন সম্পন্ন হইবে।

৬। **স্টক এক্সচেঞ্জ ব্যাতিরেকে শেয়ার অর্জন।**- (১) কোন কোম্পানীতে উল্লেখযোগ্য সংখ্যক এর কোন শেয়ারের ধারক বা ধারকগণ, বা যিনি বা যাহারা কোন শেয়ার ধারণ করেন না এমন ব্যক্তি বা ব্যক্তিবর্গ, স্টক এক্সচেঞ্জ ব্যতিরেকে এবং নগদ অর্থ ব্যতিত উক্ত কোম্পানীর দশ শতাংশ বা উহার অধিক শেয়ার অধিগ্রহণ করিতে চাহিলে, অথবা দশ শতাংশ বা উহার অধিক কোন শেয়ার ধারক বা ধারকগণ, স্টক এক্সচেঞ্জ ব্যতিরেকে এবং নগদ অর্থ ব্যতিত উক্ত কোম্পানীর আরও শেয়ার অধিগ্রহণের ক্ষেত্রে তাহাকে তফসীল-১ বর্ণিত পদ্ধতিতে একটি ঘোষনা কোম্পানিটি যে স্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত সেই স্টক এক্সচেঞ্জে সংশ্লিষ্ট অধিগ্রহণকারির স্টক ব্রোকার বা মার্চেন্ট ব্যাংকারের মাধ্যমে দাখিল করিতে হইবে।

(২) উক্ত অধিগ্রহণের ক্ষেত্রে অধিগ্রহণকারি বিক্রেতার সহিত বিস্তারিত ক্রয়চুক্তি সম্পাদন করিবে।

(৩) সংশ্লিষ্ট বিক্রেতা তাহাদের সংশ্লিষ্ট স্টক ব্রোকারের নিকট অ-প্রত্যাহার যোগ্য বিক্রয় আদেশ প্রদান করিবে।

(৪) বিক্রেতার স্টক ব্রোকার বিক্রয় আদেশের উল্লিখিত পরিমান শেয়ার ফ্রিজ করিয়া একটি নিশ্চয়তাপত্র স্টক এক্সচেঞ্জে বরাবরে প্রদান করিবে।

(৫) ক্রেতা তফসীল-১ এ উল্লেখিত ঘোষণা পত্র যথাযথভাবে পূরণ করিয়া চুক্তির অনুলিপিসহ মোট ক্রয় মূল্যের ২০ শতাংশের পরিমান অর্থ স্টক এক্সচেঞ্জের অনুকূলে একটি ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ স্টকএক্সচেঞ্জে জমা প্রদান করিবে।

(৬) স্টক এক্সচেঞ্জ উক্ত ঘোষণা প্রাপ্তির পর পরীক্ষান্তে উহা on-line news হিসাবে প্রচার করিবে।

(৭) স্টক এক্সচেঞ্জে ঘোষণা on-line news হিসাবে প্রচারিত হওয়ার পূর্বে কাহারো সহিত শেয়ার লেনদেন করা যাইবে না।

(৮) কোন কারনে উক্ত লেনদেন সম্পন্ন না হইলে স্টক এক্সচেঞ্জ উক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার বাজেয়াপ্ত করিবে এবং তাহা বিনিয়োগকারী সুরক্ষা তহবিলে স্থানান্তর করিবে।

(৯) ঘোষণা অনুযায়ী লেনদেন সম্পন্ন হইলে স্টক এক্সচেঞ্জ উক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারটি জমা দানকারীর নিকট ফেরত প্রদান করিবে।

৭। **ক্রয় প্রস্তাবের ঘোষনার বিষয়বস্তু।**- ক্রয় ঘোষণার বিষয়বস্ত তফসীল-১ এ বর্ণিত ভাবে নির্ধারিত হইবে।

৮। **প্রস্তাব মূল্য।- (১)** বিধি ৪, ৫ এবং ৬ এর আওতায় শেয়ার অর্জন বা অধিগ্রহণের জন্য প্রস্তাবিত মূল্য অবশ্যই -

(ক) নগদে; অথবা
(খ) শেয়ার হস্তান্তরের মাধ্যমে; অথবা
(গ) উপ-বিধি ১ (ক) ও ১ (খ) তে উল্লিখিত দুইটি উপায়ের সম্বিলিত মাধ্যমে; অথবা
(ঘ) বিক্রেতার গ্রহণযোগ্য অন্য যে কোন পন্থায় ঃ

তবে শর্ত থাকে যে, যদি কোন চুক্তি বা সমঝোতা পত্রে কোন একটি শ্রেণীর শেয়ার হোল্ডারদেরকে নগদে অর্থ প্রদানের কথা উল্লেখ থাকে তবে অবশিষ্ট শেয়ার হোল্ডারগণ নগদে মূল্য লাভের অধিকারী হইবেন।

৯। **প্রস্তাব সম্পূর্নকরণ।**- ক্রয় প্রস্তাবের মেয়াদ উত্তীর্ণ হওয়ার এক সপ্তাহের মধ্যে অধিগ্রহণকারি যেই সকল শেয়ারহোল্ডার প্রস্তাব গ্রহণ করিয়াছে তাহাদের মূল্য পরিশোধ সহ প্রস্তাব সংক্রান্ত যাবতীয় প্রক্রিয়া সম্পন্ন করিবে। ক্রেতা বা অধিগ্রহনকারি তফসীল-২ এ বর্ণিত ঘোষনা (প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট স্টক ব্রোকারের প্রত্যায়নপত্র সহ) স্টক এক্সচেঞ্জে দাখিল করিবে। প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট স্টক ব্রোকার এই মর্মে প্রত্যায়ন করিবে যে ঘোষনা অনুযায়ী লেনদেনটি সম্পন্ন হইয়াছে।

১০। **ক্রয় প্রস্তাব প্রত্যাহার।**- (১) ক্রয়ের কোন প্রস্তাব প্রত্যাহার করা যাইবে না, যদি না প্রস্তাবকারীর ক্ষেত্রে এমন কোন ঘটনার উদ্ভব ঘটে যাহা, Act of God সহ, তাহার নিয়ন্ত্রণ ক্ষমতার বহির্ভূত কারণে যদি শেয়ার ক্রয়ের প্রস্তাব বাস্তবায়ন করা সম্ভব না হয়।

(২) উপ-বিধি (১) সাপেক্ষে, প্রচারিত শেয়ার ক্রয়ের কোন প্রস্তাবকে প্রত্যাহার করা হইয়াছে বলিয়া গণ্য করা হইবে যদি নিম্নে বর্ণিত যে কোন একটি বিষয় ঘটিয়া থাকেঃ-

(ক) প্রস্তাবক যদি কোন সাধারণ ব্যক্তি (natural person) হয় তবে তার মৃত্যু হইলে কিংবা মৃত ব্যক্তির কোন আইনগত উত্তরাধীকারী সংশ্লিষ্ট ক্রয় প্রস্তাব বাস্তবায়নে অনিচ্ছুক হইলে;
(খ) প্রস্তাবককে যদি দেউলিয়া ঘোষণা করা হয় ;
(গ) প্রস্তাবক যদি অন্য কোন কোম্পানী হয় কিংবা কোন সংবিধিবদ্ধ সংস্থা (body corporate) হয় তবে উহা যদি ব্যবসা সমাপ্তির নোটিশ প্রাপ্ত হয়;

(ঘ) প্রস্তাবক যদি কোন কোম্পানী হয় এবং উক্ত কোম্পানী যদি অতঃপর অন্য কোন কোম্পানী কর্তৃক অধিগ্রহিত হইয়া যায় সেই ক্ষেত্রে অধিগ্রহণকারি কোম্পানী যদি প্রস্তাবিত শেয়ার ক্রয়ে অনিচ্ছুক হয়;

(ঙ) স্টক এক্সচেঞ্জের মাধ্যমে অধিগ্রহণের ক্ষেত্রে উক্ত সিকিউরিটিজের কোন বিক্রেতা না থাকে;

(চ) কমিশনের বিবেচনায় অন্য কোন কারণে।

(৩) ক্রয় প্রস্তাব প্রত্যাহারের কোনও একটি কারণের উদ্ভব ঘটিলে অধিগ্রহনকারী তাঁর স্টক ব্রোকার এর মাধ্যমে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জকে যথাযথ কারণ প্রর্দশনপূর্বক ক্রয় প্রস্তাব প্রত্যাহারের আবেদন করিবে।

(৪) উপ-বিধি (৩) মোতাবেক স্টক এক্সচেঞ্জ ক্রয় প্রস্তাব প্রত্যাহারের আবেদন প্রাপ্তির সাথে সাথে যাচাই-বাচাই পূর্বক যেইভাবে ক্রয় প্রস্তাব on-line news হিসাবে প্রচার করেছিল, সেইভাবে ক্রয় প্রস্তাব প্রত্যাহার প্রচার করিবে।

## তৃতীয় অধ্যায়

## উদ্ধার মানসে কর্তৃত্ব গ্রহণ
## (*BAIL OUT TAKEOVERS*)

**১১। উদ্ধার মানসে কর্তৃত্ব গ্রহণ**।- (১) আর্থিকভাবে দুর্বল কোন কোম্পানীকে পুনর্বাসিত করার উদ্দেশ্যে কোন অর্থলগ্নীকারী প্রতিষ্ঠান (financial institution) বা তফসিলী ব্যাংক বা অন্য কোন ব্যক্তিবর্গ বা প্রতিষ্ঠান কর্তৃক একক বা যৌথভাবে উক্ত কোম্পানীতে উল্লেখযোগ্য সংখ্যার শেয়ার অধিগ্রহণ বা ক্রয়ের ক্ষেত্রে এই অধ্যায় প্রযোজ্য হইবেঃ

তবে শর্ত থাকে যে, এই ব্যাপারে যে উদ্যোগ নিবে তাহাকে পরিপোষক প্রতিষ্ঠান (lead institution) হিসাবে গন্য করা হইবে।

(২) এই অধ্যায়ের বিধিমালা সঠিকভাবে অনুসরন করা হয় কিনা তাহা নিশ্চিত করার জন্যে পরিপোষক প্রতিষ্ঠান (lead institution) দায়ী থাকিবে।

(৩) পরিপোষক প্রতিষ্ঠান আর্থিকভাবে দূর্বল প্রতিষ্ঠানটির আর্থিক উপযোগিতা (financial viability) বিবেচনাপূর্বক উহার গ্রহনযোগ্য মূল্য নির্ধারণ করিবে, উহার পুনরুজ্জীবনের জন্য প্রয়োজনীয় অর্থের পরিমাণ নির্ণয় করিবে, এবং সংখ্যালঘু শেয়ার হোল্ডারদের স্বার্থ সংরক্ষণ, দক্ষ ব্যবস্থাপনা, ফলপ্রসু পুনরুজ্জীবন ও স্বচ্ছতা নীতির ভিত্তিতে পুনর্বাসন পরিকল্পনা (rehabilitation package) প্রণয়ন করিবে।

(৪) ব্যবস্থাপনায় কোন পরিবর্তন করিতে হইলে পুনর্বাসন স্কীমে সুনির্দিষ্টভাবে উহার বিশদ বর্ণনা থাকিতে হইবে।

(৫) আর্থিকভাবে দুর্বল কোম্পানীর শেয়ার অধিগ্রহণ করার জন্যে পুনর্বাসন স্কীমে নিম্নেবর্ণিত পদ্ধতি অন্তর্ভূক্ত থাকিবে-

(ক) সরাসরি শেয়ার ক্রয়, অথবা

(খ) শেয়ার বিনিময়, অথবা

(গ) উভয় পদ্ধতির সমন্বয়।

**ব্যাখ্যাঃ** এই অধ্যায়ে বর্ণিত আর্থিকভাবে দুর্বল কোম্পানী (financially weak company) বলিতে এমন কোম্পানী বুঝাইবে যাহার বৎসরান্তে negative net worth রহিয়াছে বা যাহার শেয়ারের বাজার মূল্য সর্বশেষ ন্যূনতম তিন বৎসর যাবত অভিহিত মূল্যের (face value) নিচে রহিয়াছে বা যে বিগত পাঁচ বছরে কোন লভ্যাংশ প্রদান করে নাই।

**১২। শেয়ার অধিগ্রহণ পদ্ধতি**।- (১) পূনর্বাসনের স্কীম কার্যকর করার পূর্বে অর্থ প্রদানকারী বা পরিপোষক প্রতিষ্ঠান (lead institution) কর্তৃক দুইটি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় (একটি বাংলা ও একটি ইংরেজী) বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে শেয়ার ক্রয়ের প্রস্তাব আহ্বান করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর আওতায় প্রস্তাব পাওয়ার পর পরিপোষক প্রতিষ্ঠান আর্থিকভাবে দূর্বল কোম্পানীকে পুনর্বাসিত করার ক্ষেত্রে ব্যবস্থাপনায় দক্ষতা, অর্থসংস্থানের পর্যাপ্ততা এবং কারিগরি সামর্থ বিবেচনা পূর্বক প্রস্তাবক ব্যক্তিগণের পক্ষ হইতে একজনকে নির্বাচিত করিবে।

(৩) আর্থিকভাবে দুর্বল কোম্পানীর শেয়ার অর্জনের প্রস্তাব প্রদানে ইচ্ছুক ব্যক্তিকে পরিপোষক প্রতিষ্ঠান উক্ত কোম্পানী সম্পর্কে যাবতীয় প্রয়োজনীয় তথ্য সরবরাহ করিবে যাহার মধ্যে বিশেষভাবে উক্ত কোম্পানীর বর্তমান ব্যবস্থাপনা, প্রযুক্তি, উৎপাদিত পন্যের পরিধি, শেয়ার ধারনের স্বরূপ (shareholding pattern), আর্থিক অবস্থান এবং কার্যসম্পাদন (financial holding and performance), প্রস্তাব আহ্বানের তারিখ হইতে পূর্ববর্তী পাঁচ বছরের পরিসম্পদ ও দায়ভার এবং উক্ত কোম্পানীকে পুনর্বাসিত করার উদ্দেশ্যে প্রস্তাবকের নিকট হইতে প্রত্যাশিত ন্যূনতম আর্থিক ও অন্যান্য প্রতিশ্রুতির উল্লেখ থাকিতে হইবে।

(৪) পরিপোষক প্রতিষ্ঠান অধিগ্রহণতব্য কোম্পানীর প্রতিষ্ঠানিক সুশাসন নিশ্চিতির লক্ষ্যে শেয়ার ক্রয়ের প্রস্তাবে নিম্মোক্ত শর্তাদিরও উল্লেখ করিবে,-

(ক) অন্ততঃ এক-তৃতীয়াংশ সংখ্যালঘিষ্ট শেয়ার হোল্ডার এবং শেয়ারহোল্ডার বহির্ভূত কোন পেশাদারী পরিচালক সহ কোম্পানীর পরিচালনা পর্ষদ অন্যূন সাতজন ও সর্বোচ্চ বারজন সদস্য সমন্বয়ে গঠিত হইবে যাহার চেয়ারম্যান শেয়ারহোল্ডার বহির্ভূত পেশদারী পরিচালকদের মধ্য হইতে নির্বাচিত হইবেন।

(খ) পরিচালনা পর্ষদ নীতি নির্ধারণী কার্যাদি ছাড়া কোম্পানীর দৈনন্দিন কর্মকান্ডে হস্তক্ষেপ করিতে পারিবে না।

(গ) পেশাদারী বিশেষজ্ঞ পরিচালকের অন্তর্ভূক্তি সহ কোম্পানীতে একটি নিরীক্ষা কমিটি এবং পরিচালক ও কর্মচারীদের জন্যে একটি পারিশ্রমিক নির্ধারণ কমিটি থাকিবে।

(ঘ) কোম্পানীর একজন পেশাদারী কোম্পানী সচিব থাকিবে যিনি এতদসংক্রান্তব্যাপারে পরিচালনা পর্ষদের নিকট জবাবদিহির জন্যে দায়ী থাকিবেন।

১৩। **দরপত্র মূল্যায়নের পদ্ধতি**।- (১) পরিপোষক প্রতিষ্ঠান শেয়ার বিনিময়ের উপযুক্ত মূল্য, ক্রেতার আর্থিক সঙ্গতি, ব্যবস্থাপনার খ্যাতি প্রভৃতির ভিত্তিতে দরপত্রের মূল্যায়ন করিবে এবং এই প্রক্রিয়ায় ন্যায়নিষ্ঠা ও স্বচ্ছতার নিশ্চয়তা বিধান করিবে ঃ

তবে শর্ত থাকে যে, দরপত্র মূল্যায়ন কমিটিতে পেশাদারিত্ব ও আর্থিক বিষয়ে সুখ্যাতি রহিয়াছে এমন একজন কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট এবং একজন চার্টার্ড একাউন্টেন্টকে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুপারিশ সাপেক্ষে, অন্তর্ভূক্ত করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর বিধান অনুযায়ী প্রাপ্ত দরপত্র সমূহকে অগ্রাধিকার ভিত্তিতে তালিকাভূক্ত করিতে হইবে এবং আর্থিকভাবে দুর্বল কোম্পানীর ব্যবস্থাপনায় জড়িত ব্যক্তিবর্গের সঙ্গে আলোচনাপূর্বক তৎসমূহের মধ্যে সার্বিকভাবে উপযুক্ত এমন একটি দরপত্র বিবেচনার নিমিত্তে গ্রহণ করিতে হইবে।

১৪। **শেয়ার ক্রয়কারী ব্যক্তির দরপত্র প্রদান**।- বিধি ১৩ অনুসরনে পরিপোষক প্রতিষ্ঠান কর্তৃক স্থিরকৃত শেয়ার ক্রয়কারী পরিপোষক প্রতিষ্ঠান হইতে এই মর্মে অবহিত হওয়ার পর, উদ্যোক্তাগণের নিকট হইতে অথবা আর্থিকভাবে দুর্বল কোম্পানীর কর্মকান্ড ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গের নিকট হইতে, অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানসমূহ হইতে এবং অন্যান্য শেয়ার হোল্ডারদের নিকট হইতে শেয়ার ক্রয়ের উদ্দেশ্যে তার ও পরিপোষক প্রতিষ্ঠানের মধ্যে পারস্পরিক আলোচনাক্রমে নির্ধারিত মূল্যে শেয়ার ক্রয়ের আনুষ্ঠানিক প্রস্তাব ঘোষণা করিবে।

**ব্যাখ্যা ঃ** পুনর্বাসন স্কীম এর অংশ হিসাবে পরিপোষক প্রতিষ্ঠানের অধিকারভুক্ত শেয়ার আর্থিকভাবে দুর্বল কোম্পানীকে অর্পন করার ব্যাপারে অত্র বিধি কোন বিঘ্নের কারণ হইবে না।

১৫। **শেয়ার ক্রয়কারী ব্যক্তি কোন্ কোন্ ক্ষেত্রে গণবিজ্ঞপ্তি প্রদান করিবে**।- (১) আর্থিকভাবে দুর্বল কোম্পানীর কর্মকান্ড ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত ব্যক্তিবর্গ ব্যতীত অন্যান্য শেয়ার হোল্ডারদের নিকট শেয়ার ক্রয়ের প্রস্তাব প্রদান করার ক্ষেত্রে শেয়ার ক্রয়কারী গণবিজ্ঞপ্তির মাধ্যমে তার অভিপ্রায় ব্যক্ত করিবে।

(২) এই প্রকার গণবিজ্ঞপ্তির মধ্যে শেয়ার ক্রয়কারীর পরিচয় ও পটভূমিকা, প্রস্তাবিত দর, প্রতিষ্ঠানটির পুনরুজ্জীবনের পরিকল্পনা, প্রস্তাব উন্মুক্ত থাকার মেয়াদশাল সহ প্রস্তাব সংক্রান্তযাবতীয় বিষয়ের বিশদ বিবরণ উল্লিখিত থাকিতে হইবে।

(৩) ক্রয় প্রস্তাবের শর্তাবলী আর্থিকভাবে দুর্বল কোম্পানীর প্রত্যেক শেয়ার হোল্ডার সমীপে প্রেরণ করিতে হইবে এবং উহার মধ্যে প্রস্তাব জ্ঞাপন করার তারিখ (record date) এবং প্রস্তাবিত ক্রয়ের তারিখ সুনির্দিষ্টভাবে উল্লিখিত থাকিতে হইবে।

(৪) কোন শেয়ার অধিগ্রহণকারি অন্যান্যদের নিকট হইতে শেয়ার বিক্রয়ের প্রস্তাব গ্রহণের সময়ে প্রথমে সর্বনিম্ন সংখ্যক শেয়ার হোল্ডারের সমস্ত শেয়ার ক্রয়ের প্রস্তাব দিবে।

১৬। **তৃতীয় অধ্যায় এর কার্যকারিতা হইতে অব্যাহতি।-** (১) বিধি ১৪ অনুসরণে প্রত্যেক ক্রয় প্রস্তাব এই বিধিমালার তৃতীয় অধ্যায় এর বিধিসমূহ হইতে অব্যাহতি দেয়ার জন্য কমিশন সমীপে একটি আবেদন পত্র দাখিল করিতে হইবে।

(২) এইরূপ আবেদন পত্র বিবেচনার জন্য কমিশন কোম্পনীর নিকট হইতে এবং পরিপোষক প্রতিষ্ঠানের নিকট হইতে ক্রয় প্রস্তাব অনুমোদনের (vetting) পদ্ধতি, ইহার মূল্যায়ন এবং অনুরূপ অন্যান্য বিষয় সংক্রান্ততথ্য আহরনের নির্দেশ দিতে পারিবে।

## চতুর্থ অধ্যায়

১৭। **কমিশনের অব্যাহতি প্রদানের ক্ষমতা।-** কমিশন, স্বীয় উদ্যোগে কিংবা কোন ব্যক্তির আবেদনের ভিত্তিতে, জনস্বার্থ এবং পুঁজি বাজারের স্বার্থসহ সংশ্লিষ্ট যাবতীয় বিষয়াদি বিবেচনাপূর্বক এবং কারণ লিপিবদ্ধ করিয়া এই বিধিমালার কোন বিধান হইতে অব্যাহতির আদেশ প্রদান করিতে পারিবে।

১৮। **রহিতকরণ ও হেফাজত।-** (১) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার অর্জন, অধিগ্রহণ ও কর্তৃত্ব গ্রহণ) বিধিমালা, ২০০২ এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরন সত্বেও, রহিত বিধিমালার অধীনকৃত কোন কাজ কর্ম, গৃহীত কোন ব্যবস্থা, প্রদত্ত কোন আদেশ, নির্দেশ বা নিবন্ধন সনদ, দায়েরকৃত কোন দরখাস্ত, আবেদনপত্র বা আপীল, জমাকৃত কোন ফিস, রক্ষিত কোন রেকর্ড বা দলিল দস্তাবেজ, পরিচালিত কোন তদন্ত, পেশকৃত কোন তদন্ত প্রতিবেদন বা জারিকৃত কোন নোটিশ এই বিধিমালার অধীন কৃত, গৃহীত, প্রদত্ত, দায়েরকৃত, জমাকৃত, রক্ষিত, পরিচালিত, পেশকৃত বা জারিকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

### তফসীল-১
### ঘোষণা
[বিধিমালা ৪,৫ এবং ৬ দ্রষ্টব্য]

(ক) কোম্পানীর নাম এবং যত সংখ্যক শেয়ার অধিগ্রহণের ইচ্ছা প্রকাশ করা হইয়াছে তাহা উল্লেখ;
(খ) শেয়ার অধিগ্রহণ সংক্রান্ত প্রস্তাবের উদ্দেশ্যে ও শর্তাবলী সহ শেয়ার ক্রয়ের প্রস্তাবিত মূল্য;
(গ) শেয়ার অধিগ্রহণকারির জাতীয়তা সহ পূর্ণ পরিচয়;
(ঘ) শেয়ার অধিগ্রহণকারির সহিত উক্ত কোম্পানীর শেয়ার মালিকানা সংক্রান্ত ও উক্ত কোম্পানীর শেয়ার মালিক বা উদ্যোগক্তা বা পরিচালকগনের সহিত তাহার সম্পর্ক সংক্রান্ত পূর্ণ তথ্য;
(ঙ) শেয়ার ক্রয় সংক্রান্ত বিষয়ে যেই চুক্তি বা সমঝোতা স্মারক করা হইয়াছে এবং উহাতে শেয়ার ক্রয় সংক্রান্ত যেই সমস্ত বিষয়ের উল্লেখ করা হইয়াছে তাহার বিস্তারিত বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে);
(চ) ক্রেতা বা বিক্রেতা সংশ্লিষ্ট কোম্পানীর উদ্যেক্তা, পরিচালক বা প্লেসমেন্টহোল্ডার হইলে তাহাদের জন্য প্রযোজ্য ঘোষনায় নির্ধারিত ঘোষনা অনুযায়ী, ঘোষনা প্রদান করা হইয়াছে কি না তাহার বিবরণ।
(ছ) শেয়ার ক্রয় প্রস্তাবের তারিখ এবং যেই সময়ের মধ্যে ক্রয়ের প্রস্তাব গ্রহণ করা হইবে তাহার উল্লেখ;
(জ) শেয়ার ক্রয়ের মূল্য কখন ও কিভাবে প্রদান করা হইবে (প্রযোজ্য ক্ষেত্রে);
(ঝ) বিধি ৬(১) অনুসারে শেয়ার অর্জনের ক্ষেত্রে, যে সম্পদ বা যাহা কিছুর বিনিময়ে উক্ত শেয়ার অর্জন করা হইতেছে তাহার মূল্যায়ন পদ্ধতি এবং মূল্যায়নকারির নাম, ঠিকানা ও অভিজ্ঞতার বিবরণ প্রদান করিতে হইবে (প্রযোজ্য ক্ষেত্রে);
(ঞ) শেয়ার ক্রয়ের প্রস্তাবের সহিত সংশ্লিষ্ট অন্যান্য শর্তাবলী সহ নিম্নে উল্লিখিত বিষয়সমূহ -

(অ) উদ্যোক্তা, পরিচালক বা জনগণের নিকট হইতে ক্রয় করিতে ইচ্ছুক শেয়ার সংখ্যা;

(আ) কোম্পানী আইন, ১৯৯৪, ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১, আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এবং বৈদেশিক মুদ্রা বিনিময় আইন, ১৯৪৭ এর আওতায় কোন শর্ত আরোপিত হইলে তাহার বিবরণ;

(ই) সংশ্লিষ্ট কোম্পানীর শেয়ার হোল্ডারদের নিকট হইতে অনুমোদন গ্রহণ সংক্রান্ত তথ্যাদি (যদি আইনগত বাধ্যবাধকতা থাকে)।

(ত) অধিগ্রহণকারি বা সম্ভব্য বিক্রেতা উক্ত কোম্পানী বা উহার উদ্যোক্তা বা পরিচালক বা দশ শতাংশ শেয়ার ধারকের বা উক্ত কোম্পানীর সাথে সংশ্লিষ্ট কোন কোম্পানীর সাথে কোন প্রকার সম্পর্ক আছে কিনা।

স্বাক্ষীর স্বাক্ষর ও
নাম................................
তারিখঃ ---------------------
ঠিকানাঃ----------------------
(১)
(২)

অধিগ্রহণকারির স্বাক্ষর ও নাম
তারিখঃ---------------
ঠিকানা----------------

**<u>সংশ্লিষ্ট স্টক ব্রোকার এর প্রত্যায়নপত্র</u>**

**<u>অধিগ্রহণের ক্ষেত্রেঃ (অধিগ্রহণকারির জন্য)</u>**

আমি/আমরা ঢাকা/চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের স্টক ব্রোকার (ট্রেড নং --------------------) এই মর্মে ঘোষনা করিতেছি যে, অধিগ্রহণকারি (নাম উল্লেখপূর্বক------------------------------------------ কোম্পানীর (নাম উল্লেখ করিতে হইবে)...........................--.......... সংখ্যক শেয়ার ক্রয়ের জন্য প্রয়োজনীয় অর্থ (পরিমান) আমার নিকট জমা দিয়েছেন এবং ক্রয় আদেশ প্রদান করিয়াছেন যাহা আমি স্টক এক্সচেঞ্জের on-line মনিটরে প্রদর্শনের পর অধিগ্রহণকারির সহিত কোন যোগাযোগ ব্যতিত কার্যকর করিব।

স্বাক্ষর, নাম ও পদবী
তারিখঃ---------------
ঠিকানাঃ---------------
স্টক ব্রোকারের সীল।

**<u>বিক্রেতার জন্য বিধিমালা ৫ এবং ৬ অনুযায়ী</u>**

আমি ঢাকা/চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের স্টক ব্রোকার (ট্রেক নং -------------) এই মর্মে ঘোষণা করিতেছি যে সংশ্লিষ্ট অধিগ্রহণের ক্ষেত্রে বিক্রেতা ....................................... (নাম, ঠিকানা, জাতীয়তা ইত্যাদি) আমার নিকট ........................... কোম্পানীর ...................... সংখ্যক শেয়ার বিও হিসাব নং ------------------------------এ জমা আছে এবং আমি বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার অর্জন, অধিগ্রহণ ও কর্তৃত্ব গ্রহণ) বিধিমালা, ২০১৮ এর ৬(৪) এর বিধার অনুসারে তাহা ফ্রিজ করিয়া রাখিয়াছি (প্রযোজ্য না হইলে কাটিয়া দিন)। সংশ্লিষ্ট ঘোষণাটি স্টক এক্সচেঞ্জে on-line প্রচারিত হওয়ার পর আমি বিক্রেতার সহিত কোন যোগাযোগ ব্যাতিত লেনদেনটি সম্পন্ন করিব।

স্বাক্ষর, নাম ও পদবী
তারিখঃ---------------
ঠিকানাঃ---------------
স্টক ব্রোকারের সীল।

তফসীল-২
[বিধিমালা ৯ দ্রষ্টব্য]

<u>অধিগ্রহণকারীর জন্য প্রযোজ্য</u>

আমার ...................................................... তারিখের ঘোষণা (অনুলিপি সংযুক্ত) অনুযায়ী আমি................ তারিখে লেনদেন সম্পন্ন করিয়াছি। এই ক্ষেত্রে ঘোষণার সহিত লেনদেনের কোন গরমিল ছিল/ছিলনা (গরমিল থাকিলে তার বিবরণ প্রদান করিয়া এই ঘোষণার সহিত সংযুক্ত করিতে হইবে)

অধিগ্রহণকারির স্বাক্ষর ও নাম
তারিখঃ---------------
ঠিকানাঃ---------------

**অধিগ্রহণকারির স্টকব্রোকারের প্রত্যায়ন পত্রঃ**

ক্রয় প্রস্তাব মোতাবেক লেনদেনটি সম্পন্ন হইয়াছে। এই ক্ষেত্রে ঘোষণার সহিত লেনদেনের কোন গরমিল ছিল/ছিলনা (গরমিল থাকিলে তার বিবরণ প্রদান করিয়া এই ঘোষণার সহিত সংযুক্ত করিতে হইবে)

স্বাক্ষর, নাম ও পদবী
তারিখঃ---------------
ঠিকানাঃ---------------
স্টক ব্রোকারের সীল।

**বিক্রেতার স্টক ব্রোকারের প্রত্যায়ন পত্রঃ**

বিক্রয়াদেশ অনুযায়ী শেয়ার হস্তান্তর সম্পন্ন হইয়াছে। এই ক্ষেত্রে বিক্রয়াদেশের সহিত লেনদেনের কোন গরমিল ছিল/ছিলনা (গরমিল থাকিলে তার বিবরন প্রদান করিয়া ঘোষণার সহিত সংযুক্ত করিতে হইবে)

স্বাক্ষর, নাম ও পদবী
তারিখঃ---------------
ঠিকানাঃ---------------
স্টক ব্রোকারের সীল।